

🗏 ইউসুফ | Yusuf | فُوسُف

আয়াতঃ ১২: ৫৭

া আরবি মূল আয়াত:

وَ لَاجِرُ الْأَخِرَةِ خَيرٌ لِلَّذِينَ أَمَنُوا وَ كَانُوا يَتَّقُونَ ﴿٥٧﴾

🗚 অনুবাদসমূহ:

আর যারা ঈমান আনে ও তাকওয়া অবলম্বন করে, তাদের জন্য আখিরাতের প্রতিদানই উত্তম। — আল-বায়ান আর আখেরাতের কর্মফল তাদের জন্য অবশ্যই উত্তম যারা ঈমান আনে আর তাকওয়া অবলম্বন করে কাজ করতে থাকে। — তাইসিরুল

যারা মু'মিন ও মুত্তাকী তাদের পরকালের পুরস্কারই উত্তম। — মুজিবুর রহমান

And the reward of the Hereafter is better for those who believed and were fearing Allah. — Sahih International

৫৭. আর যারা ঈমান এনেছে এবং তাকওয়া অবলম্বন করে তাদের জন্য আখিরাতের পুরস্কারই উত্তম।(১)

(১) অর্থাৎ আখেরাতের প্রতিদান ও সওয়াব তাদের জন্য দুনিয়ার নেয়ামতের চাইতে বহুগুণে শ্রেষ্ঠ, যারা ঈমানদার এবং যারা তাকওয়া অবলম্বন করে। এখানে এ মর্মে সতর্ক করে দেয়া হয়েছে যে, আল্লাহ তাঁর বান্দার জন্য আখেরাতে যা সঞ্চিত রেখেছেন তা পার্থিব রাষ্ট্রক্ষমতা ও কর্তৃত্ব লাভ করা থেকে উত্তম। [ইবন কাসীর] কেননা, দুনিয়ার যাবতীয় সম্পদ ধ্বংসশীল, আর আখেরাতের সম্পদ চিরস্থায়ী। [কুরতুবী] সুতরাং জেনে রাখতে হবে যে, আল্লাহ আখেরাতে যে পুরষ্কার দেবেন সেটিই সর্বোত্তম প্রতিদান এবং সেই প্রতিদানটিই মুমিনের কাংখিত হওয়া উচিত।

তাফসীরে জাকারিয়া

(৫৭) অবশ্যই যারা বিশ্বাসী ও সাবধানী তাদের জন্য পরকালের পুরস্কারই উত্তম।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1653

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন